দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 17 OCT 1994
পৃষ্ঠা ৮ কলাম ৫ ...

13

# নান্দাইলে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর গম বিক্রির প্রতিবাদে মিছিল

**ময়মনসিংহ, ১৫ অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)**।– জেলার নান্দাইল থানার বেতাসের ইউনিয়নের ৮ নং চরলক্ষীদিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর ১৩শ' ৩৫ কেজি গম গোডাউন থেকে উঠিয়ে কালোবাজারে বিক্রি করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। জানা যায়, গত ১ অক্টোবর গম বিক্রিকালে গোপন সূত্রে খবর পেয়ে পুলিশ ১ বস্তা গম উদ্ধার করে। এ সময় চুরির সাথে জড়িত স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ ফয়েজ উদ্দীন মুন্সী এবং সহকারী শিক্ষক আবদুল হেলিম ঘটনাস্থল থেকে পালিয়ে যায়।

এদিকে গত ৪ অক্টোবর গম চুরির প্রতিবাদে নান্দাইল থানা সদরে ছাত্র-ছাত্রী এবং অভিভাবকদের একটি মিছিল হয় এবং থানা নির্বাহী কর্মকর্তা বরাবরে স্মারকলিপি প্রদান করে। স্মারকলিপিতে চুরির ঘটনার সুষ্ঠু তদন্ত এবং জড়িত ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানানো হয়।